৯-১১ ডিসেম্বর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় খুলনা বিভাগে সমবায়ী সফরে আসেন । তাঁর সফরসঙ্গী হিসেবে ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয় এবং সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়।

০৯/১২/২০২০ তারিখ বিকেল ৪:০০ বাগেরহাট সমবায় বিভাগের কর্মচারীদের সাথে মত বিনিময় সভা করেন।

১০/১২/২০২০ খ্রিঃ তারিখ সকাল ৯:০০ টায় খুলনার সমবায় ব্যাংক ভবন উদ্বোধন করেন। সকাল ৯:৪০ টায় আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, খুলনা পরিদর্শন করেন এবং  সমবায় বিভাগের কর্মচারী ও সমবায়ী প্রশিক্ষনার্থীদের সাথে মত বিনিময় করেন। বেলা ১১:৩০ টার দিকে ডুমুরিয়ার উদ্দেশ্যে যাত্রা করেন।  জনতা আদর্শ গ্রাম উন্নয়ন বহুমূখী সমবায় সমিতি লিঃ, ডুমুরিয়া, খুলনার সমবায়ীদের সাথে মত বিনিময় সভা করেন এবং সমিতির আমভিটা মৎস্য ও কৃষি প্রকল্প সরেজমিনে পরিদর্শন করেন। ১১/১২/২০২০ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ টায় যশোর সমবায় বিভাগের কর্মচারীদের সাথে মত বিনিময় সভা করেন।






মবায়ী
বেশ
ধান অতিথি
স্বপন ভট্টাচার্য্য
শেষ অতিথি
রেজাউল
হসান
বিভাগ


আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনার কর্মকর্তা-কর্মচারী
ও প্রশিক্ষণার্থী সমবায়ীদের সাথে
মতবিনিময় সভা
তারিখঃ ১০ ডিসেম্বর, ২০২০ খ্রি
জনাব স্বপন ভট্টাচার্য্য এমপি,


বিশেষ অতিথি
বিশেষ অতিথি


ইন্সটিটিউট, খুলনার কর্মকর্তা-কর্মচারী
প্রশিক্ষণার্থী সমবায়ীদের সাথে
বিনিময় সভা
তারিখঃ ১০ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ
এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন
10:49:03


SUZUKI




স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের খুলনা বিভাগে সমবায়ী সফরের মাধ্যমে সমবায় ব্যাংক ভবনের জায়গা সংক্রান্ত বিরোধ নিরসনের পথ সুগম হয়। সমবায়ীদের সাথে মত বিনিময়ের মাধ্যমে তাদের কার্যক্রম সম্পর্কে তিনি ওয়াকিবহাল হন। প্রতিমন্ত্রী মহোদয়ের সফরের মাধ্যমে কিছু প্রাথমিকভাবে সৃষ্ট সমবায়ের প্রতিবন্ধকতা দূরীকরণ সহজ হয়। মহোদয়ের এই আগমণের ফলে সমবায় বিভাগ, খুলনা নতুন উৎসাহ ও উদ্দীপনায় কাজ করে যাচ্ছে।